১৬৬

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR 10 1999 ...
পৃষ্ঠা ৫ কলাম ২

# ছাত্রদলের অবস্থান কর্মসূচী পালন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥** ছাত্রদলের মিছিলে হামলার প্রতিবাদে গতকাল (মঙ্গলবার) ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি কার্যালয়ের সম্মুখে অবস্থান কর্মসূচী পালন করে। বেলা ১১টায় মধুর ক্যান্টিন হইতে মিছিলসহ ছাত্রদল ভিসি কার্যালয়ের সম্মুখে যায়। এই স্থানে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রদল নেতৃবৃন্দ বলেন, গত ৭ই মার্চ প্রধানমন্ত্রী ক্যাম্পাসে আগমনকালে ছাত্রদলের প্রতিবাদ মিছিলে ছাত্রলীগের সন্ত্রাসীরা হামলা ও ছাত্রীদের লাঞ্ছিত করিয়াছে। ভিসি নিজেই ইহার উস্কানিদাতা। নেতৃবৃন্দ ভিসির পদত্যাগ দাবী করেন। অবস্থান ও সমাবেশ শেষে ছাত্রদল নেতা-কর্মীরা ভিসির উদ্দেশ্যে গণ থুথু নিক্ষেপের কর্মসূচী পালন করে। সমাবেশে ছাত্রদল নেতা মোশাররফ হোসেন, তরিকুল ইসলাম বনি, মনির হোসেন, হেলেন জেরিন খান, ফরহাদ হোসেন আজাদ, শহীদুল ইসলাম বাবলু প্রমুখ বক্তব্য রাখেন।